



# শেভরন পথ নির্দেশিকা

সঠিক পথে  
ফল লাভ করা

শেভরন পথ নির্দেশিকা আমাদের বিশ্বাস, দৃষ্টিভঙ্গি,  
উদ্দেশ্য ও মূল্যবোধকে ব্যাখ্যা করে।  
এটি আমরা কিভাবে কাজ করি সে ব্যাপারে নির্দেশনা  
প্রদান করে এবং আমাদের সংস্কৃতি ও আকাঙ্ক্ষাগুলোর  
একটি সাধারণ উপলব্ধি প্রতিষ্ঠা করে।



মানুষের উদ্ভাবনী শক্তি যেকোনো চ্যালেঞ্জ মোকাবেলা  
এবং বাধা দূর করার ক্ষমতা রাখে। বিশ্বের ক্রমবর্ধমান  
জ্বালানীর চাহিদা পূরণের জন্য উদ্ভাবন ও অগ্রগতি প্রয়োজন  
যা সবার জন্য আরো ভালো ভবিষ্যত রচনা করে।

এটিই আমাদের অতীত, আমাদের বর্তমান  
এবং আমাদের ভবিষ্যত।



# আমাদের বিশ্বাস

## আধুনিক জীবনের জন্য জ্বালানী অপরিহার্য

আমরা এমন জ্বালানী সরবরাহের জন্য কাজ করি যা সারা বিশ্বে মানব অগ্রগতিকে সম্ভব করে তোলে। আমরা প্রতিদিন এই উদ্দেশ্য নিয়ে চলি।

## মানুষের উদ্ভাবনকুশলতা উদ্ভাবনকে চালিত করে

মানুষের কল্পনাশক্তি ও অধ্যবসায় জ্বালানীর সবচেয়ে বড় চ্যালেঞ্জের সমাধান প্রদান করবে।

## ভবিষ্যত হলো আরো কম কার্বন

আমাদের কাজ আমাদের পণ্য ব্যবহারকারী শিল্প ও গ্রাহকদেরকে একটি কম কার্বনময় বিশ্বের দিকে অগ্রসর হতে সাহায্য করার মাধ্যমে জ্বালানী ও বৈশ্বিক সরবরাহ চেইনগুলোকে আরো টেকসই করে তুলবে।

## নেতৃত্ব ব্যাপক দায়িত্ব বহন করে

ক্রমবর্ধমান প্রত্যাশা পূরণ করার বিষয়টি সর্বোচ্চ স্তরে কর্মক্ষমতা ও দায়বদ্ধতার দাবি জানায়। আমাদের লক্ষ্য হলো শিল্পে নেতৃস্থানীয় ফলাফল সরবরাহ করা।



## আমাদের ভিশন

একটি বৈশ্বিক জ্বালানী কোম্পানি  
হওয়া যা তার লোকবল,  
অংশীদারিত্ব ও কর্মক্ষমতার জন্য  
সবচেয়ে বেশি প্রশংসিত হবে।

## আমাদের উদ্দেশ্য

সাশ্রয়ী, নির্ভরযোগ্য, চির-নির্মল  
জ্বালানী গড়ে তোলা যা মানব  
অগ্রগতিকে সক্ষম করে তুলবে।



# আমাদের মূল্যবোধসমূহ

## বৈচিত্র্য ও মিশে যাওয়া

আমরা যে স্থানে কাজ করি সেখানকার সংস্কৃতিকে সম্মান করি এবং তা থেকে শিক্ষা গ্রহণ করি। আমরা আমাদের অঙ্গীভূত কর্ম পরিবেশে মানুষের প্রতিভা, ধারণা ও অভিজ্ঞতার বৈচিত্র্যকে স্বাগত জানাই।

## কর্মক্ষমতায় নেতৃত্ব দেয়া

আমরা নেতৃত্ব গড়ে তুলি এবং শিল্পের নেতৃস্থানীয় কর্মক্ষমতা প্রদানের জন্য একটি টিম হিসেবে সহযোগিতা করি। আমাদের অংশীদারদের উচ্চ আকাঙ্ক্ষা পূরণ করে এমন কাজ ও ফলাফলের মাত্রা আমরা ক্রমাগতভাবে বাড়াতে থাকি।

## অংশীদারিত্ব

আমরা আস্থাশীল, পারস্পরিক উপকারী সম্পর্ক গড়ে তুলি। আমরা একসাথে – এবং আমাদের অংশীদারদের সাথে কাজ করি – যাতে আমাদের শেয়ারহোল্ডার ও সমাজের উপকারে আসে এমন সমাধান ও যুগান্তকারী সাফল্য অর্জন করা যায়।

## মানুষ ও পরিবেশ

আমাদের লক্ষ্য হলো আমাদের শিল্পকে স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশগত নৈপুণ্যের ক্ষেত্রে নেতৃত্ব প্রদান করা। জনগণ, সম্পদ, কমিউনিটি ও পরিবেশের সুরক্ষা আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার।

## আস্থা ও সততা

আমরা সততার সাথে কাজ করে এবং সর্বোচ্চ নৈতিক আদর্শের সাথে কর্মপরিচালনার মাধ্যমে আস্থা ও সম্মান অর্জন করি। আমাদের সংস্কৃতি ও খ্যাতি এসব নীতিমালার উপর ভিত্তি করে নির্মিত।

# আমরা কিভাবে কাজ করি

## একত্রিত করা ও উৎসাহ দেয়া

আমরা স্পষ্ট প্রত্যাশা নির্ধারণ করি এবং শেয়ারকৃত উদ্দেশ্য জানিয়ে দিই।

## সম্পর্ক গড়ে তোলা

আমরা আমাদের প্রতিশ্রুতি রাখা, প্রত্যেকে যুক্ত হয় এমন একটি কর্মক্ষেত্র লালন করা এবং উচ্চ-দক্ষতাসম্পন্ন টিমগুলিকে একত্রিত করার মাধ্যমে আস্থা গড়ে তুলি।

## সামর্থ্য বৃদ্ধি করা

মতামত প্রদান ও গ্রহণ এবং প্রতিযোগিতামূলক সুবিধা বজায় রাখার জন্য যুক্তিসঙ্গত ঝুঁকি গ্রহণের মাধ্যমে আমরা নিজেদের উন্নতি করি।

## ফলাফল অর্জন করা

আমরা সিদ্ধান্ত নেয়ার জন্য জনগণকে ক্ষমতায়িত করি এবং ফলাফল অর্জনের জন্য প্রতিবন্ধকতা দূর করি।



